

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭০৩

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

الفصل الاول (بَاب بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اخْتَتَنَ إِبْرَاهِيمُ النَّبِيُّ وَهُوَ ابْنُ تَمَانِينَ سَنَةً بِالْقَدُومِ» . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3356) و مسلم (151 / 2370)، (6141) ـ مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৭০৩-[৬] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ইবরাহীম আলায়হিস সালাম স্বয়ং স্বীয় হাতে নিজের খৎনা করেছেন 'কদূম' দ্বারা এবং তখন তার বয়স ছিল আশি বছর। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহঃ বুখারী ৩৩৫৬, মুসলিম ১৫১-(২৩৭০), সহীহুল জামি ২২১, মা'রিফাতুস সুনান ওয়াল আসার ৫৪৯৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮০২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বর্ণিত হাদীস থেকে খতনার গুরুত্ব এবং তা ইবরাহীম আলায়হিস সালাম থেকে শুরু হয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায়। কেননা এর পূর্ব থেকে এই সুন্নাতের নির্দেশ থাকলে ইবরাহীম আলায়হিস সালাম ছোট বেলায়ই খতনা করতেন।

ইমাম মালিক (রহিমাহুল্লাহ) তার মুয়াত্ত্বায় সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব থেকে এ ব্যাপারে একটি আসার বর্ণনা



করেছেন। আসারটিতে রয়েছে- كَانَ إِبْرَاهِيمُ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُوَّلَ انَّاسِ ضَيَّفَ الضَّيْفَ وَأُوَّلَ النَّاسِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُوَّلَ انَّاسِ ضَيَّفَ الضَّيْفَ وَأُوَّلَ النَّاسِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُوَّلَ انَّاسِ ضَيَّفَ الضَيْفَ وَأُوَّلَ النَّاسِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُوَّلَ انَّاسِ ضَيَّفَ الضَيْفَ وَأُوَّلَ النَّاسِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْحَدَى الْحَدَى الْحَدَى الْحَدَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُوَّلَ انَّاسِ ضَيَيْفَ وَأُوَّلَ النَّاسِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُوَّلَ انَّاسِ ضَيَيْفَ الضَيْفَ وَأُوّلَ النَّاسِ صَلَيْهِ وَسَلَّمَ أُوّلَ انَّاسِ صَلَيْهِ وَسَلَّمَ الْحَدَى الْحَدَى الْحَدَى الْحَدَى الْمَالِيَةِ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُولًا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّيْ عَلَيْهُ وَسَلَّامِ الللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ الْمَالِكَ اللَّهُ اللَّ

(মুয়াত্তা মালিক- অধ্যায়: স্বভাবজাত সুন্নাতের বিবরণ, হা. ৩৪০৮) ইবরাহীম আলায়হিস সালাম -কে যখন এই খতনার নির্দেশ দেয়া হয় তখন তাঁর বয়স আশি বছর হয়েছে বলে হাদীসটিতে বর্ণিত হয়েছে। কোন কোন বর্ণনায় একশত বিশ বছরের কথা বলা হয়েছে। তবে আশি বছরের বর্ণনাই অধিক বিশুদ্ধ।(قُدُومِ) শব্দটি 'দাল' অক্ষরে তাশদীদ এবং তাশদীদ ছাড়া দু'ভাবে উচ্চারিত হয়। যার অর্থ: কুড়াল। (মিরক্কাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন